R. N. No 2532/57

Regd. No. WB/MSD—4

রিপ্রোডাকশন
সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সরকার কর্তৃক নিয়ন্ত্রিত মূল্যে
সিমেণ্টের জন্য
যোগাযোগ করুন
পঃ বঃ সরকার অনুমোদিত ডিলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৫শ বর্ষ
৩৮শ সংখ্যা।

রঘুনাথগঞ্জ, ২৪শে মাঘ বুধবার, ১৩৮৫ সাল।
৭ই ফেব্রুয়ারী, ১৯৭৯ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## তাপবিদ্যুৎ কেন্দ্রের জন্য ষোলশ একর জমি প্রয়োজন—ক্লিয়ারেন্স না থাকায় নভেম্বরে জমির দখল নেয়া যায়নি

বিশেষ সংবাদদাতা, ফরাক্কা : সংখ্যাতত্ত্বের ক্রমাবনতিতে চতুর্থ স্থান অধিকারী ফরাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্র খোলা নিয়ে দেশব্যাপী রকমারি আশা-নিরাশার খবর সম্প্রচারিত হচ্ছে বেতার আর সংবাদপত্র মাধ্যমে। কে বা কারা নির্ভুল সংবাদ প্রচার করছেন এখনো জানা যাচ্ছে না। তবে গত ষোলই জানুয়ারী তাপবিদ্যুৎ কেন্দ্রের ভারপ্রাপ্ত চীফ ইনজীনিয়ার শ্রীদাশগুপ্ত ফরাক্কা এসেছিলেন সরজমিনে খুটিনাটি বিষয় দেখাশোনার জন্য। সতেরই জানুয়ারী সকালে তিনি সাংবাদিকদের প্রশ্নের উত্তরে যা জানিয়েছেন তা হলো—সংশ্লিষ্ট বিষয়ে 'ক্লিয়ারেন্স' না থাকায় জমি দখলের নোটিশ দিয়েও গত নভেম্বরে জমি দখল নেয়া হয়নি। এখন সে বাধা অপসারিত এবং আগামী ২/৩ মাসের মধ্যে প্রয়োজনীয় প্রাথমিক কাজ শুরু হচ্ছে। গত বারোই জানুয়ারী এই ব্যাপারে দিল্লীতে উচ্চ পর্যায়ের এক বৈঠক হয় এবং তার পরেই তাঁর ফরাক্কা আগমন। তিনি এই সূত্রে জানিয়েছেন, মূল কারখানার জন্য জমি দরকার হবে প্রাথমিক পর্য্যায়ে ছ শো সত্তর একর এবং ছাই ফেলার জন্য ন শো কুড়ি একর। জনৈক সাংবাদিক একটি প্রশ্নের জবাবে জানতে পারেন, জমির মূল্য সম্পর্কে রাজ্য সরকারের সংশ্লিষ্ট বিভাগের নির্দ্দেশই চূড়ান্ত। রাজ্য সরকার জমির মূল্য নির্দ্ধারণ করেন বা করবেন, কেন্দ্রীয় সরকার নয়। চাকরির অগ্রাধিকার ব্যাপারে রাজ্য সরকারের নির্দ্দেশাবলীই

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## আবার সড়ক দুর্ঘটনা, নিহত—২

রঘুনাথগঞ্জ, ৭ ফেব্রুয়ারী—বার দিনের মাথায় ৩৪নং জাতীয় সড়কে আজ আবার একটি দুর্ঘটনা ঘটেছে। গাঙ্গাডড যাওয়ার পথে কাঁকুড়িয়া ফার্মের কাছে জীপ উলটে নিহত হয়েছেন প্রবীণ স্বাধীনতা সংগ্রামী ও জঙ্গিপুর আদালতের লব্ধপ্রতিষ্ঠ আইনজীবী সুধীরকুমার মুখারজি। সাগরদীঘি থানার গাঙ্গাডডায় তাঁদের পৈতৃক বাসভূমি। সুধীরবাবু সোনা মোক্তার নামে সমধিক পরিচিত ছিলেন। আর নিহত হয়েছেন জীপের চালক ও মালিক মুকলেসুর রহমান। পুলিশের খাতায় রহমান কুখ্যাত অপরাধী হিসেবে চিহ্নিত। দুর্ঘটনার কারণ জানা যায়নি। তবে পুলিশ সূত্রে জানা গেছে, জীপ উল্টে যাওয়ার ফলে সুধীরবাবু ঘটনাস্থলেই নিহত হন। মুকলেসুর রহমানকে হাসপাতালে নিয়ে আসার পর মৃত বলে ঘোষণা করা হয়।

আর একটি খবরে জানা গেছে, ৫-৬ ফেব্রুয়ারী গভীর রাত্রে জাতীয় সড়কের চাঁদের মোড়ে রকেট বাস পাশের খাদে জলের মধ্যে গিয়ে পড়ে। সৌভাগ্যক্রমে সবাই বেঁচে যান! রাত্রিটি ছিল বছরের শীতলতম রাত্রি।

## প্রাক্তন প্রধানের বিরুদ্ধে পালটা অভিযোগ

সাগরদীঘি, ৭ ফেব্রুয়ারী—সাগরদীঘি ব্লক কংগ্রেস (ই) কমিটির সভাপতি ও প্রাক্তন প্রধান ডাঃ বদরুল হকের বিরুদ্ধে পালটা অভিযোগ করা হয়েছে। গত সপ্তাহে তিনি বর্তমান প্রধানের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ করেছিলেন। সেই অভিযোগের প্রতিবাদ করে সাগরদীঘি গ্রাম পঞ্চায়েত প্রধান মহঃ বদরুদ্দোজা জানিয়েছেন, সমবায় পরিদর্শক কয়েকজন অভিযোগকারীর উদ্দেশ্য-প্রণোদিত অভিযোগের পরিপ্রেক্ষিতে ১৮ জানুয়ারী হড়হড়ি কৃষি উন্নয়ন সমবায় সমিতি পরিদর্শন করেন এবং সমিতির পরিদর্শন বইতে অভিযোগ ভিত্তহীন এই মন্তব্য লিপিবদ্ধ করেন। মহঃ বদরুদ্দোজা আরো জানিয়েছেন, ডাঃ হক বিগত ১৭ বছর ধরে সাগরদীঘি অঞ্চল পঞ্চায়েতের প্রধান ছিলেন।

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## সরস্বতী পূজোর জন্য পুরুত নিয়ে সংঘর্ষ

নিজস্ব সংবাদদাতা : সরস্বতী পূজোরদিন রঘুনাথগঞ্জ থানার রাধানগরে পুরুত ঠাকুর কার বাড়িতে আগে পূজো করবেন তাই নিয়ে প্রথমে দু'জন গ্রামবাসীর মধ্যে বচসা হয়। পরে সেই বচসা দু'দল গ্রামবাসীর মধ্যে সংঘর্ষে পরিণত হয়। হেঁসো ও বল্লমের আঘাতে দু'জন মহিলাসহ ৪ জন জখম হন। পুলিশ এ ব্যাপারে ৬ জনকে গ্রেপ্তার করে।

পুলিশ সূত্রের খবরে আরো জানা যায়, সরস্বতী পূজোর দিন পিয়ারাপুরে একটি মণ্ডপে আগুন লাগে। বড়-জুমলায় ব্যাণ্ড নিয়ে দু' দলের সংঘর্ষে একজন জখম হয়। মিরজাপুরে সরস্বতী প্রতিমা নিরঞ্জনের দিন বিজয়পুরে দু' দলের সংঘর্ষে সাতজন জখম হন। ফরাক্কা বাঁধ উপনগরীতে ওই দিন রাত্রে একটি পূজোমণ্ডপে আগুন লাগে। দমকলের চেষ্টায় আগুন আয়ত্তে আসে।

**আলোকচিত্র প্রদর্শনী :** সরস্বতী পূজো উপলক্ষে রঘুনাথগঞ্জ বিবেকানন্দ

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## নির্ব্বাচন নিয়ে সংঘর্ষ

অরঙ্গাবাদ, ৭ ফেব্রুয়ারী—ছাত্র-সংসদ নির্বাচন নিয়ে অরঙ্গাবাদ ডি এন কলেজে গত পরশু ছাত্রপরিষদ ও এস এফ আই-এর সমর্থকদের মধ্যে সংঘর্ষ ঘটে। পুলিশ সূত্রের খবরে প্রকাশ, ১৬ ফেব্রুয়ারী দিবা বিভাগে ছাত্রসংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে, কিন্তু প্রাতঃ বিভাগের নির্বাচন হবে না। সেই নিয়ে দুই দলে কথা কাটাকাটি ও সংঘর্ষ ঘটে। ৫ জন আহত হন, ৩ জনকে গ্রেপ্তার করা হয়। আজ আরো ৬ জন আদালতে আত্মসমর্পণ করেন। ঘটনার পর অনির্দিষ্ট কালের জন্য কলেজ বন্ধ রাখা হয়েছে।

## খেলার দরুণ বৃত্তি

রঘুনাথগঞ্জ, ৫ ফেব্রুয়ারী—জুনিয়র বিভাগের তিনজন প্রতিযোগীকে মাসিক দশ টাকা করে এক বছরের জন্য বৃত্তি দেওয়া হবে। জঙ্গিপুর মহকুমা ক্রীড়া সংস্থার বার্ষিক গ্রামীণ দৌড় ঝাঁপ প্রতিযোগিতা শেষে গতকাল ম্যাকেঞ্জি ময়দানে এ কথা ঘোষণা করেন সংস্থার সভাপতি, মহকুমা শাসক, মীরা পাণ্ডে। প্রতি-যোগিতায় ব্লক চ্যাম্পিয়ান হয় সুতী ২নং ব্লক।

## ফরাক্কার গ্রামে ডাকাতি

ফরাক্কা ব্যারেজ, ৭ ফেব্রুয়ারী—ফরাক্কা থানার কুলি গ্রামে সম্প্রতি এক ডাকাতির ঘটনায় নগদে ও জিনিসপত্রে সাত হাজার টাকা লুণ্ঠিত হয়েছে বলে খবর পাওয়া গিয়েছে। পুলিশ জানিয়েছে, একদল সশস্ত্র ডাকাত গ্রামের ইমাম বকসের বাড়ীতে হানা দিয়ে মারধোর করে এবং লুঠ-তরাজ চালায়। গৃহস্বামী ও তাঁর পুত্র আহত হন। গ্রামবাসীরা বাধা দেওয়ার চেষ্টা করলে পালাবার সময় ডাকাতরা গুলি ছোঁড়ে। ফলে ৮ জন গ্রামবাসী জখম হন।

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে জঙ্গীপুর মিউনিসিপ্যালিটির অধীন রঘুনাথগঞ্জ সদরঘাট যাইবার পার্শ্বস্থ জায়গায় নবনির্মিত মিউনিসিপ্যাল কমারসিয়াল মার্কেট এবং মার্কেটের মধ্যস্থিত তহবাজার নিম্নলিখিত সর্ত্তে বিলি বন্দোবস্ত হইবেঃ— বন্দোবস্ত গ্রহণেচ্ছু এবং সক্ষম ব্যক্তিগণের নিকট হইতে ২৮শে ফেব্রুয়ারী ১৯৭৯ মধ্যে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

১। কমারশিয়াল মার্কেটে বড়, মাঝারি এবং ছোট তিন প্রকারের ঘর আছে। মাসিক ভাড়া ( Rent ) প্রথম অবস্থায় বড় ঘরের জন্য ৫০৲ টাকা, মাঝারি ঘরের জন্য ৪০৲ টাকা এবং ছোট ঘরের জন্য ৩০৲ টাকা ধার্য্য করা হইয়াছে।

২। প্রতি ঘরের সম্মুখের দরজা ( Shutter gate ) বন্দোবস্তি ব্যক্তিকে নিজ খরচায় করিয়া লইতে হইবে। উক্ত Shutter gate মিউনিসিপ্যালিটির নির্দ্দেশমত Design এর করিতে হইবে।

৩। উক্ত সাটার গেট করার জন্য যাহা মোট খরচ হইবে তাহা মাসিক ভাড়ার টাকা হইতে অর্দ্ধেক ( ৫০ ভাগ ) কম আদায় করিয়া দরজার জন্য মোট খরচ মধ্যে মিনাহ দেওয়া যাইবে।

৪। ঘর যাহা বন্দোবস্ত দেওয়া হইবে তাহা দখল লওয়ার পূর্ব্বে প্রাপ্ত বন্দোবস্ত প্রাপ্ত ব্যক্তিকে একটা এগ্রিমেণ্ট করিয়া দিতে হইবে।

৫। বন্দোবস্তি ঘর অন্য কাহাকেও ভাড়া (Sublet) করা চলিবে না এবং ঘরের কোনরূপ ক্ষতি বা পরিবর্ত্তন করা চলিবে না। এরূপ ঘটনা ঘটলে বন্দোবস্ত নাকচযোগ্য হইবে। সাটার গেট তৈয়ারী বাবদ বক্রি টাকা যাহা থাকিবে তাহা এক্ষেত্রে ভবিষ্যৎ বিচার্য্য বিষয় হইবে।

৬। প্রতি মাসের ভাড়া মিউনিসিপ্যালিটির রসিদ গ্রহণপূর্ব্বক মাসের প্রথম সপ্তাহে জমা দিতে হইবে। অন্যথায় বন্দোবস্ত নাকচযোগ্য হইবে।

৭। ইলেকট্রিক আলোর ব্যবস্থা নিজ নিজ ঘরে নিজ ব্যয়ে করিয়া লইতে হইবে। ইলেকট্রিক আলোর মেন কানেকসন বাজারে থাকিবে সেখান হইতে নিজ ঘরে আলাদা মিটারযোগে কানেকসন লইতে হইবে। আলো বাবদ মাসিক খরচ নিজেদের বহন করিতে হইবে।

৮। মার্কেটের মধ্যস্থ তহবাজার ২ ( দুটী ) ১৯৭৯—৮০ সালের জন্য প্রকাশ্য নিলাম ডাকে বন্দোবস্ত দেওয়া হইবে। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তিগণকে নিলাম ডাকার পূর্ব্বে আমানত হিসাবে ২০০৲ টাকা জমা দিতে হইবে।

ডাক শেষ হওয়ার সঙ্গে সঙ্গে ডাকের এক চতুর্থাংশ টাকা জমা দিতে হইবে এবং বাকী টাকা ৬ ( ছয়টি ) সমান কিস্তিতে জমা দিতে হইবে। কিস্তি আরম্ভ হওয়ার প্রথম সপ্তাহের মধ্যে দেয় টাকা জমা দিতে হইবে অন্যথায় বন্দোবস্ত নাকচযোগ্য জ্ঞানে কর্তৃপক্ষ পুনঃ বন্দোবস্তের ব্যবস্থা করিতে পারিবেন।

তহবাজারের দৈনিক খাজনা আদায়ের তালিকা মিউনিসিপ্যালিটির কর্তৃপক্ষের কাছে বাজার ডাকের দিন জানা যাইবে।

তহবাজার *২রা ফাল্গুন, '৮৫ সাল ( ইং ১৫ই ফেব্রুয়ারী ১৯৭৯ সাল ) তারিখে বেলা ২ টার* সময় মিউনিসিপ্যালিটির অফিসে প্রকাশ্য নিলাম ডাক হইবে।

*সামমোহাম্মদ বিশ্বাস*
ভাইস চেয়ারম্যান
জঙ্গিপুর মিউনিসিপ্যালিটি
৩১/১/১৯৭৯

## লস্করপুরে রাজ্যস্তরে সার উৎসব

৪ ফেব্রুয়ারী লালগোলা ব্লকের লস্করপুর গ্রামে ভারত-জারমান সার প্রশিক্ষণ প্রকল্পের উদ্‌যোগে রাজ্যস্তরে সার উৎসব উদ্‌যাপিত হয়। উৎসবে ৬০০ চাষী যোগদান করেন। প্রধান অতিথির ভাষণে রাজ্য কৃষিমন্ত্রী কমল গুহ বর্তমান বছরের শেষে বাড়তি ৬ কোটি লোকের জন্য অতিরিক্ত ১২০ লক্ষ টন খাদ্য উৎপাদনের উদ্দেশ্যে কৃষি বিশেষজ্ঞদের নির্দেশাবলী মেনে চলে ভাল বীজ, সময়মত সেচ ও সুষম সার প্রয়োগ করতে চাষীভাইদের অনুরোধ করেন।


## এ পক্ষের চাষবাস



### ১৬ই মাঘ—২৯শে মাঘ

**বোরো ধানঃ**
চারা রোয়ার ১৫ দিন পর একবার হাত দিয়ে অথবা সরু নিড়ানী যন্ত্র চালিয়ে ক্ষেতের মাটি ঘেঁটে দিন।
পৌষের প্রথম দিকে রোয়া লাঠিশাল, কলমা ২২২ ইত্যাদি জাতের বোরো ধানে পাশকাঠি ছাড়ার সময় চাপান সার হিসাবে একরে ১৬ কেজি নাইট্রোজেন দিন। চাপান সার দেওয়ার ৪ ৫ দিন আগে থেকে সেচ না দিয়ে জমি শুকিয়ে নিন।
চাপান সার দেওয়ার পর সেচ দিয়ে জমিতে ২½ সে.মি. (১") জল ধরে রাখুন।
বোরোর ক্ষেতে মাজরা, পামরী, ভেঁপু ইত্যাদি পোকার আক্রমণ দমনের জন্য সতর্ক দৃষ্টি রাখুন। শতকরা ৫টি বা তার বেশী পাশকাঠি, মাজরা পোকায় আক্রান্ত হতে দেখলে বা প্রতি ১০০টি গোছে একটি মাজরা পোকার মথ বা ডিম দেখলে একর প্রতি ৫ কেজি ফোরেট ( যথা থাইমেট ১০ জি বা ফোরেট ১০ জি ) বা কার্বোফুরান (যথা ফিউরাডান ৩ জি ) বা সাইট্রোলান ৫ জি বা কুইনালফস ( যথা একালাক্স ৫ জি ) বা এণ্ডোসালফান ( যথা থায়োডান ৪ জি ) ইত্যাদি দানাদার ওষুধ ছড়ান এবং জমিতে ৫-৭ দিন ছিপছিপে জল রাখুন।

**গমঃ**
থোড় আসার সময় গমের জমিতে সেচ দিন।

**আলুঃ**
ধসা ও কুটে রোগের আক্রমণ এড়াতে নাবীতে লাগানো আলুর ক্ষেতে এপক্ষেও একবার ওষুধ ছিটান ওষুধের পরিমাণ জানার জন্য আগের পক্ষের বিজ্ঞাপনটি দেখুন।

**তিলঃ**
এপক্ষেও তিল বোনা চলবে। বীজের ও সারের পরিমাণ জানার জন্য আগের পক্ষের বিজ্ঞাপনটি দেখুন।

**আখঃ**
যাঁরা কার্ত্তিক মাসে আখ লাগাননি, তাঁরা এ সময় আখ লাগাতে পারেন। একরে ৫ টন গোবর বা আবর্জনা সার দিয়ে জমি চাষ দিয়ে ৯০ সে. মি. দূরত্বে ৩০ সে. মি. চওড়া ও ২৫ সে. মি গভীর করে নালা কাটুন এবং নালার তলার মাটির সঙ্গে একরে ২৪ কেজি হারে নাইট্রোজেন, ফসফেট ও পটাশ সার মিশিয়ে আখের টুকরা লাগান। উই ইত্যাদির উপদ্রব থাকলে একরে ৯ কেজি হারে অলড্রেন ৫% নালার মাটির সঙ্গে মিশিয়ে নেবেন।

**শাক-সব্জীঃ**
এ পক্ষেও নানা রকম গ্রীষ্মকালীন সব্জীর বীজ লাগাতে পারেন। সারের পরিমাণ আগের পক্ষের বিজ্ঞাপনে জানানো হয়েছে।

**মাটি পরীক্ষাঃ**
খালি জমি থেকে মাটির নমুনা নিয়ে পরীক্ষার জন্য আপনার নিকটবর্ত্তী পরীক্ষাগারে পাঠান।

naa/

**ভারত-জার্মান সার প্রশিক্ষণ প্রকল্প**
১২ বি, রাসেল স্ট্রীট, কলিকাতা-৭০০০৭১


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

## জমির দখল নেয়া যায়নি

( ১ম পৃষ্ঠার পর )

সব ক্ষেত্রে মানা হয়। ভূমি দখলহেতু ক্ষতিগ্রস্তদের চাকরিতে অগ্রাধিকার দান করেন রাজ্য সরকার। কোন ক্ষেত্রেই কেন্দ্রীয় সরকার সরাসরি যুক্ত নন।

এদিকে এক খবরে জানা যায়, সংশ্লিষ্ট জমির স্বত্বাধিকারীরা, যাঁদের জমি তাপবিদ্যুৎ কেন্দ্রের জন্য দখল হবে তাঁরা দুটি শর্ত জানিয়ে জেলা সমাহর্তার কাছে আবেদন করেছেন। একটি হলো, বর্তমান সময়ে জমির উপযুক্ত মূল্য নির্দ্ধারণ এবং অপরটি ক্ষতি গ্রস্তদের ছেলেদের বিদ্যা-বুদ্ধি অনুযায়ী প্রকল্পটিতে চাকরি প্রদান। তাঁরা কেউই হাই কোরটের দ্বারস্থ হতে চান না বলে আশ্বাসও নাকি দিয়েছেন। কিন্তু কোন আশ্বাস সরকারের তরফ হতে অদ্যাবধি দেয়া হয়নি। যত দোষ নন্দ ঘোষের ঢংয়ে 'ইন্দিরা পন্থীরা প্রকল্পটি বানচাল করার অপচেষ্টা চালাচ্ছেন' বলে এক রাজনৈতিক দল যে অপপ্রচার চালাচ্ছেন তারও কোন ভিত্তি নেই। এটি একটি রাজনৈতিক কৌশল যা দিয়ে আসরকে গরম করে রাখা ছাড়া কিছুই হয় না।

## পুকুর নিয়ে সংঘর্ষ

( ১ম পৃষ্ঠার পর )

ক্লাবে মুর্শিদাবাদ জেলা সাংবাদিক সংঘের পক্ষ থেকে সাম্প্রতিক বন্যার পরিপ্রেক্ষিতে আলোকচিত্র ও পত্র-পত্রিকা প্রদর্শনীর আয়োজন করা হয়। অকালবৃষ্টির দরুণ পূজোর প্রথম দিন আনন্দে ভাটা পড়লেও অন্যান্য দিনে সহস্রাধিক দর্শক বিধ্বংসী বন্যার প্রামাণ্য দলিলগুলি প্রত্যক্ষ করেন। জেলা তথ্য দপ্তরের পক্ষ থেকে বন্যা সম্পর্কিত তথ্যচিত্র প্রদর্শিত হয়।

সরস্বতী পূজো উপলক্ষে মিরজাপুর মহিলা সমিতির উদ্যোগে শিবরাম স্মৃতি পাঠাগারেও একটি প্রদর্শনীর আয়োজন করা হয়।

**প্রবন্ধ প্রতিযোগিতার ফলাফলঃ** মুর্শিদাবাদ জেলা সাংবাদিক সংঘ আয়োজিত সাম্প্রতিক বন্যা 'শীর্ষক প্রবন্ধ প্রতিযোগিতায় বিদ্যালয় বিভাগে ফরাক্কা ব্যারেজ প্রজেক্ট বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী শম্পা ভট্টাচার্য্য এবং সাধারণ বিভাগে সাগরদীঘির আশীষকুমার আচার্য প্রথম স্থান অধিকার করেছেন। ডাঃ হরিদাস নাথ ও কমলকুমারী দেবী স্মৃতি পুরস্কার দিয়ে তাঁদের সম্মানিত করা হবে বলে জানানো হয়েছে।

## পালটা অভিযোগ

( ১ম পৃষ্ঠার পর )

সেই সময় সরকারী অর্থ বিনষ্ট করার অভিযোগে বর্তমান সাগরদীঘি গ্রাম পঞ্চায়েতের কাছে তিনি অভিযুক্ত হয়েছেন। নিজের অপরাধ চাপা দেবার প্রচেষ্টা ও আত্মমর্যাদা রক্ষা করার জন্য ভিত্তিহীন তথ্য সরবরাহ করাই তাঁর রাজনৈতিক কৌশল মাত্র। এ সম্পর্কে শীঘ্রই সরকারীভাবে তথ্য জানানো হবে।


### শিক্ষক আবশ্যক

হাউসনগর জুনিয়র হাই মাদ্রাসা, পোঃ তিনপাকুড়িয়া, জেলা মুর্শিদাবাদ এ একজন ট্রেণ্ড বি, এস সি (বায়ো) সহকারী শিক্ষক প্রয়োজন। ১৭-২-৭৯ তারিখের মধ্যে সম্পাদক-এর নিকট দরখাস্ত করুন।

### ক্যালকাটা সাইকেল ষ্টোর

( জগন্নাথের সাইকেলের দোকান )

রঘুনাথগঞ্জ ফুলতলা ( মুর্শিদাবাদ )

বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের জন্য নির্ভরযোগ্য বাস

### নেশার বাস সারভিস

( ভারতের যে কোন স্থানে ভ্রমণের জন্য রিজারভ দেওয়া হয় )

### মিত্র বস্ত্রালয়

রঘুনাথগঞ্জ, দরবেশপাড়া

( মুর্শিদাবাদ )

ধুতি, শাড়ি, শার্টিং, কোটিং রেডিমেড ও শীতবস্ত্র সুলভ মূল্যে পাওয়া যায়

সবার প্রিয় চা—

### চা ভাণ্ডার

রঘুনাথগঞ্জ সদরঘাট

ফোন—১৬

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি

সিনিয়র রুস্তম বিড়ি

### বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী

পোঃ ধুলিয়ান ( মুর্শিদাবাদ )

সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর

ফোন : ধুলিয়ান—২১

### ঊষা হার্ডওয়ার ষ্টোর

স্থান পরিবর্ত্তন : রেডক্রশের পাশে

বাবুলবোনা রোড, বহরমপুর

মুর্শিদাবাদ

হলার, যাঁতা, ঘানি, মেশিনারী দ্রব্য বিক্রেতা।


## পশ্চিমবঙ্গ সরকার

**ক্ষুদ্র ও কুটীর শিল্প বিভাগ**

**তাঁত ও বস্ত্র শিল্প অধিকার**

**নিউ সেক্রেটারিয়েট বিল্ডিংস, কলিকাতা-১**

### বিজ্ঞপ্তি

সাম্প্রতিক বন্যায় পশ্চিমবঙ্গের জেলাসমূহের যে সকল তন্তুজীবী বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছেন তাহাদের সাহায্য করিবার জন্য পশ্চিমবঙ্গ সরকার আর্থিক অনুদান মঞ্জুর করিয়াছেন। বর্তমানে গ্রাম পঞ্চায়েত সমূহের মাধ্যমে এ ব্যাপারে অনুসন্ধান করা হইতেছে এবং তাহাদের প্রতিবেদনের ভিত্তিতে তাঁত সারাই, সরঞ্জাম ক্রয় এবং আংশিক প্রারম্ভিক মূলধন হিসাবে প্রকৃত ক্ষতিগ্রস্ত তন্তুজীবীদিগকে আর্থিক অনুদান দেওয়া হইবে।

এতদ্দ্বারা বন্যাবিধ্বস্ত অঞ্চলের সকল ক্ষতিগ্রস্ত প্রকৃত তন্তুজীবীকে জানানো যাইতেছে যে, তাহারা যেন আপনাপন গ্রামপঞ্চায়েতের সঙ্গে যোগাযোগ করেন। প্রয়োজনবোধে নিকটস্থ তাঁত উন্নয়ন আধিকারিক (Handloom Development Officer) এর অফিসেও যোগাযোগ করা যাইতে পারে

[ মুর্শিদাবাদ জেলা তথ্য অফিস হইতে প্রচারিত ]

